নেহেরু বাল পুস্তকালয়


# বনের মধ্যে একদিন

জগদীশ যোশী | ভাষান্তরঃ ব্রতীন দে



nbt.india
एकः सूते सकलम्


ন্যাশনাল বুক ট্রাস্ট, ইণ্ডিয়া





ছোট্ট একটি ছেলে, নাম তার ছোটাই। সে তার বাবার সঙ্গে বনের মধ্যে থাকে। ছোটাই এর সমবয়সী কোনো খেলার সঙ্গী সাথী নেই। কিন্তু তার এক অতি প্রিয় বন্ধু আছে। আজ সে তার জন্য অপেক্ষা করছে।





ছোটাই এর বন্ধু হল আসলে গজাই নামের এক হাতি। বাঃ বাঃ গজাই এর কি বিশাল চেহারা! কি বড় বড় তার কান! আর কি লম্বা যে তার শুঁড়, সে কি বলবো।





ছোটাই আর গজাই দু'জনে মিলে নদীতে যায় খেলা করতে। গজাই তার বিশাল শুঁড়ের মধ্যে জল ভরে আর সেই জল ফোয়ারা'র মত ছোটাই এর ওপর ছড়িয়ে দেয়।





নদী ও ফোয়ারা'র জলে স্নান সেরে ছোটাই গজাই- এর বড় বড় কান আর তার শুঁড় ধরে উঠে পড়ে তার পিঠে। তারপর গজাই এর পিঠে চড়ে দুই বন্ধু বনে ঘুরে বেড়ায়।






ছোটাই গজাই- এর পিঠে চড়ে ঘুরে বেড়াতে খুব মজা পায়। তারা চারপাশে অনেক অনেক জীবজন্তু দেখতে পায়।





চলতে চলতে দুই বন্ধু হরিণ দেখতে পায়, খরগোশ দেখতে পায়। মনে হয়, তারা যেন গজাইকে দেখে বেশ ভয় পায়।







তারা দু'জনে একটা নারকেল গাছের কাছে এসে পৌঁছায়। আঃ ! কি বড় বড় ফল ধরেছে তাতে। কিন্তু ছোটাই এর হাত পৌঁছায় না। গজাই শুঁড়ে করে ছোটাইকে উপরে তুলে দেয়। ছোটাই কয়েকটা নারকেল পেড়ে নেয়।





এরপর দু'জনে কলা গাছের কাছে এসে পৌঁছায়। দু'জনে মিলে এক কাঁদি কলা পেড়ে নেয়।






দু'জনে মিলে এবার মহানন্দে খাবার খায়। একবার নারকেলের জল খায় আরেকবার কলা খায়।





হঠাৎ তারা এক বিকট গর্জন শুনতে পায়। বাঘের গর্জন। বাঘের ভয়ে সব জীবজন্তু পালাতে থাকে। গজাইও ছোটাইকে পিঠে তুলে ছুটতে থাকে।






কিন্তু ছোটাই ভয় পায় না। সে গজাই-এর পিঠে উঠে দাঁড়ায় এবং একটা নারকেল বাঘের দিকে ছুঁড়ে মারে।






গজাই ছুটতে ছুটতে এক্কেবারে নদীর ধারে এসে হঠাৎ দাঁড়িয়ে পড়ে। ছোটাই নিজের ভারসাম্য রাখতে না পেরে উল্টে গিয়ে হাওয়ায় ডিগবাজি খেয়ে পড়ে যায়।





ঝপাস ! ছোটাই এক্কেবারে নদীর জলে গিয়ে পড়ে।





সে গজাইকে টেনে নামিয়ে আনে জলে। দু'জনে জলের মধ্যে লাফালাফি করে, একে অন্যের দিকে জল ছিটিয়ে খেলা করে। কি মজাই না পায় দু'জনে।



ওঃ ! এবার বাড়ি ফেরার সময়।





"টা..... টা..... চলো কাল আবার দেখা হবে"। শুঁড় দোলাতে দোলাতে গজাই বিদায় জানায়।